



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২০২২-৪৩৫৩/৬

তারিখ: ০৪/০৩/২০২৪খ্রি.

বিষয়: 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৪ উদ্‌যাপন।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২২.৬৯, তারিখ: ০৪ মার্চ ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ভাষণের তাৎপর্য তুলে ধরে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে অধিদপ্তরের আওতাধীন সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানকে (ইংলিশ মিডিয়াম স্কুলসহ) জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র. নং	কর্মসূচি
০১	'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' ২০২৪ প্রভাতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন।
০২	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচারের ব্যবস্থা।
০৩	জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান (ইংলিশ মিডিয়াম স্কুলসহ) স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক উক্ত দিবসে অথবা সুবিধাজনক দিনে 'ঐতিহাসিক ৭ই মার্চ দিবস' উদ্‌যাপন।
০৪	শিক্ষার্থীদের নিয়ে উক্ত দিবসে অথবা সুবিধাজনক দিনে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চ-এর ভাষণ প্রতিযোগিতা, চিত্রাংকন প্রতিযোগিতা, ছড়া পাঠ, আবৃত্তি, সংগীত, নৃত্য, কবিতা পাঠ ও কুইজ ইত্যাদির মধ্যে সুবিধাজনক বিষয়ে প্রতিযোগিতার আয়োজন; স্কুল পর্যায়ে 'অসমাপ্ত আত্মজীবনী' বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতার আয়োজন; এবং কলেজ পর্যায়ে 'কারাগারের রোজনাচা', 'আমার দেখা নয়া চীন' এবং Secret Documents of Intelligence Branch on Father of the Nation, Bangladesh Bangabandhu Sheikh Mujibur Rahman 1948-1971 Declassified Documents বইয়ের উপর কুইজ, রচনা এবং উপস্থিত বক্তৃতার আয়োজন।

যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।


০৪/০৩/২০২৪

(রুকুন রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৫০০৬৮

ad-admin@dshe.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল/ পরিচালক, এইচএসটিটিআই (সকল);
০২. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ/টিটিসি (সকল);
০৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিদ্যালয় ও পরিদর্শন শাখা (সকল অঞ্চল);
০৪. জেলা শিক্ষা অফিসার, (সকল জেলা);
০৫. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি বিদ্যালয় (ইংলিশ মিডিয়াম স্কুলসহ), (সকল);
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল);

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৫. সংরক্ষণ নথি।